

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির এপ্রিল/ ২০২৩খ্রি. মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ উম্মে কুলছুম বানু

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বিরামপুর, দিনাজপুর।

তারিখঃ ১৮.০৪.২০২৩খ্রি.

সময়ঃ ১১.০০ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পর্যালোচনা

৩। বিবিধ

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরকে অনুরোধ জানান। ইহাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

এ পর্বে বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন সম্পর্কিত বিষয় সমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.ভিডলিউবি সংক্রান্ত:	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে “ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডলিউবি) বিরামপুর উপজেলায় ২০২৩-২০২৪ চক্রের কর্মসূচির ৭টি ইউনিয়নে মার্চ-২০২৩খ্রি. মাসের চাল বিতরণ সুষ্ঠুভাবে বিতরণ হয়েছে। এপ্রিল-২০২৩খ্রি. মাসের চাল বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা মহোদয়ের স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.১৩ তারিখ: ০২/০২/২০২৩ মোতাবেক ভিডলিউবি উপকারভোগীদের মাসিক সঞ্চয়ের অর্থ স্ব স্ব ব্যাংক হিসাবে ২০০/- এর স্থলে ২২০/- জমা করার নির্দেশ পাওয়া যায়। উপকারভোগীদের নিজ নিজ নামে নিকটস্থ ব্যাংক/এজেন্ট ব্যাংকে ১০/- (দশ) টাকার সঞ্চয়ী হিসাব খোলার নির্দেশনা পাওয়া যায়। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে।	ভিডলিউবি উপকারভোগীদের মাসিক সঞ্চয়ের অর্থ স্ব স্ব ব্যাংক হিসাবে ২০০/- এর স্থলে ২২০/- জমা করারসহ উপকারভোগীদের নিজ নিজ নামে নিকটস্থ ব্যাংক/এজেন্ট ব্যাংকে ১০/- (দশ) টাকার সঞ্চয়ী হিসাব খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।
২.আইজিএ প্রশিক্ষণ সংক্রান্ত	“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)” প্রকল্পের “ফ্যাশন ডিজাইন” এবং “হস্তশিল্প+শতরঞ্জি” ট্রেডের ১ম ব্যাচ হতে ১৮তম ব্যাচ পর্যন্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।	বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান মহিলাদের প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এবং প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণার্থীরা যেন আয়বর্ধক কর্মসূচিতে নিজেদের সম্পৃক্ত করতে পারে সে আশাবাদ ব্যক্ত করেন।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।
৩.মা ও শিশু সহায়তা কর্মসূচি সংক্রান্ত :	২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচি, সংক্রান্ত ভাতার উপকারভোগীদের অনলাইনে আবেদন চলমান রয়েছে।	উপকারভোগী নির্বাচন সংক্রান্ত প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোছাঃ উম্মে কুলছুম বানু

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী

কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

বিরামপুর, দিনাজপুর।